# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**17-05-2026** **Time: 1.40 PM**

---

**বিশেষ বিশেষ খবর –**

১) একাদিক  গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নিতে  মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরোহিত্যে আগামীকাল নবান্নে মন্ত্রিসভার দ্বিতীয় বৈঠক বসছে।

২) চলতি বছরেরে জুলাই মাসে রাজ্যে চালু হতে চলেছে বিকশিত ভারত জি রাম জি প্রকল্প।

৩) রাজ্য সরকার জনসাধারণের জন্য ভর্তুকি মূল্যে মা ক্যান্টিনে সপ্তাহে দুইদিন মাছ-ভাত চালু করার পরিকল্পনা নিয়েছে ।

৪) বঙ্গোপসাগর থেকে আসা জলীয় বাষ্পের আধিক্যের কারণে দক্ষিণবঙ্গের প্রায় সব জায়াগায় গরমে অস্বস্তিকর আবহাওয়া। সন্ধ্যার পর কলকাতা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে বজ্রবিদ্যুত্‍ সহ বৃষ্টির সম্ভাবনা।

৫) যুব ভারতী ক্রীড়াঙ্গণে আই এস এল ফুটবলের গুরুত্বপূর্ণ ম্যাচে ইস্টবেঙ্গল এফ সি আজ মোহনবাগান সুপার জায়েন্টের মুখোমুখি হবে।

-----------------------------------------------------------------------------------------------------------

বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নিতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরোহিত্যে রাজ্য সরকার আগামীকাল নবান্নে মন্ত্রিসভার দ্বিতীয় বৈঠকে বসছে। এই বৈঠকে মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব ছাড়াও মন্ত্রিসভার অন্যান্য সদস্যদের থাকার নির্দেশ দেওয়া হয়েছে। বৈঠকে আর জি কর সহ নারী নির্যাতন, প্রাতিষ্ঠানিক দুর্নীতি, সরকারি কর্মচারীদের জন্য বেতন কমিশন গঠন, বকেয়া মহার্ঘ ভাতা প্রদানের মত বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে বলে সচিবালয় সূত্রে জানা গেছে। এছাড়াও ভারত বাংলাদেশ সীমান্তবর্তী অরক্ষিত জমিতে কাঁটাতার দেওয়া এবং আউটপোস্ট তৈরির জন্য বিএসএফকে ৪৫ দিনের মধ্যে জমি দেওয়ার বিষয়ে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল তা নিয়েও মুখ্যমন্ত্রী অন্য আর একটি বৈঠক করবেন। উপস্থিত থাকবেন বর্তমান মুখ্য সচিব মনোজ কুমার আগরওয়াল, প্রাক্তন মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তী সহ বিএসএফ এর অন্যান্য আধিকারিকেরা।

এরপরে বিকেলে মুখ্যমন্ত্রীর আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে এই বছরের মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, সিবিএসই, আইসিএসই পরীক্ষায় কৃতী ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা দেওয়ার কথা।

------------------------

বেহালা পশ্চিম কেন্দ্রের বিধায়ক চিকিৎসক ইন্দ্রনীল খাঁ আজ বিদ্যাসাগর হাসপাতাল পরিদর্শন করে সেখানকার পরিকাঠামো নিয়ে সুপারের সঙ্গে বৈঠক করেন। পরে তিনি জানান এটি মাল্টিস্পেশালিটি হাসপাতাল হিসেবে তৈরি করার জন্য রাজ্য সরকারের কাছে প্রস্তাব পাঠানো হবে।

এদিকে স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম, গতকাল বিভিন্ন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক, মেডিকেল কলেজের সুপার ও অধ্যক্ষদের সঙ্গে বৈঠকের পর আর জি কর

সহ কলকাতার বিভিন্ন মেডিকেল কলেজ পরিদর্শন করেন এবং সুপারদের সঙ্গে কথা বলেন।

------------------------

রাজ্যের সাতটি গুরুত্বপূর্ণ জাতীয় সড়ক প্রকল্পের নির্মাণ ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব আনুষ্ঠানিকভাবে কেন্দ্রীয় সরকারের হাতে তুলে দিয়েছে রাজ্য সরকার। মুখ্যসচিবের দফতর থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, পূর্ত দফতরের অধীনে থাকা এই সড়কগুলির হস্তান্তরে নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে। এর ফলে দীর্ঘদিন ধরে আটকে থাকা প্রকল্পগুলির কাজ দ্রুত এগোবে বলে মনে করছে প্রশাসন। রাজ্য প্রশাসনের এই সিদ্ধান্তের ফলে এখন থেকে জাতীয় সড়ক কর্তৃপক্ষ (NHAI) এবং জাতীয় মহাসড়ক ও পরিকাঠামো উন্নয়ন সংস্থা (NHIDCL) এই পথগুলির দেখভাল করবে।

------------------------

জুলাই মাস থেকে চালু হতে চলেছে বিকশিত ভারত গ্যারান্টি ফোর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ) বা জি রাম জি প্রকল্প। কেন্দ্রীয় সরকার এক নির্দেশিকায় জানিয়েছে, কাজ শুরুর আগে নথিভূক্ত সব শ্রমিকদের ব্যাংক অ্যাকাউন্টে থাকা সবিস্তার তথ্য যাচাই করতে হবে। রাজ্যের পঞ্চায়েত দপ্তর সেই মর্মে কাজ শুরু করতে জানিয়ে দিয়েছে আধিকারিকদের। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

------------------------

নবম-দশম শ্রেণীতে তৃতীয় ভাষা শিক্ষা বাধ্যতামূলক করেছে কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ সি বি এস ই। এক নির্দেশিকায় জানানো হয়েছে, জাতীয় শিক্ষানীতি ২০২০-র সঙ্গে সামঞ্জস্য রেখে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

নতুন ব্যবস্থায় ভাষাগুলিকে R-1, R-2 এবং R-3 হিসেবে চিহ্নিত করা হয়েছে। R-1, R-2 বিভাগে দুটি ভারতীয় ভাষা পড়ানো হবে। R-3 বিভাগে যেকোন বিদেশী ভাষা বেছে নেওয়া যাবে। পয়লা জুলাই থেকে এই সিদ্ধান্ত কার্যকর হবে।

------------------------

তৃণমূল কংগ্রেস সরকারের আমলে অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে সমস্ত রেশন কার্ড অবিলম্বে বাতিলের নির্দেশ রাজ্য সরকার দিয়েছে বলে খাদ্যমন্ত্রী অশোক কীর্তনীয়া জানিয়েছেন। উত্তর ২৪ পরগনার বনগাঁয় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অশোকবাবু বলেন, উদ্বাস্তু মতুয়াদের কোন সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করা হবে না। তবে তার জন্য মতুয়াদের অবিলম্বে CAA-তে আবেদন করার পরামর্শ দিয়েছেন তিনি।

------------------------

রাজ্যে ডিজিটাল পরিকাঠামো মজবুত করা এবং টেলিকম ব্যবস্থার বিস্তারে রাজ্য সরকার উদ্যোগী হয়েছে। গ্রামীণ এলাকায় ভারত নেট প্রকল্পের গতি বাড়াতে কেন্দ্রীয় সরকারের টেলি কমিউনিকেশন আইনের সঙ্গে সামঞ্জস্য রেখে নতুন নির্দেশিকা প্রকাশ করা হয়েছে। এরফলে রাস্তা বা সরকারী জমির ওপর দিয়ে অপটিক্যাল ফাইবার লাইন নিয়ে যাওয়ার ক্ষেত্রে দ্রুত ছাড়পত্র মিলবে। এই প্রকল্পটি পুরোপুরি বাস্তবায়িত হলে রাজ্যের গ্রামীণ এলাকার শিক্ষা, টেলি মেডিসিন, ই-গভর্নেন্স এবং কুটীর ও ক্ষুদ্র ব্যবসার ক্ষেত্রে আমূল পরিবর্তন আসবে।

------------------------

রাজ্য সরকার জনসাধারণের জন্য ভর্তুকি মূল্যে মা ক্যান্টিনে সপ্তাহে দুইদিন মাছ ভাত চালু করার পরিকল্পনা নিয়েছে। পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ জানিয়েছেন বাকি পাঁচদিন ডিম ভাত ছাড়াও তরকারি দেওয়া হবে। পাশাপাশি সব ধরনের স্বাস্থ্যবিধি মেনে রান্না করা খাবারের মান বাড়ানোর উপরে জোর দেওয়া হবে বলেই তিনি জানিয়েছেন। আগামী দিনে এই প্রকল্পের নাম পরিবর্তনের চিন্তাভাবনা করা হচ্ছে বলেও তিনি জানান।

উল্লেখ্য রাজ্যে তিনশোর বেশি মা ক্যান্টিন থেকে প্রতিদিন পাঁচ টাকায় ডিম ভাত ডাল খাওয়ানো হয়।

------------------------

রাজ্যে ভোট পরবর্তী হিংসায় আক্রান্ত তৃণমূল কংগ্রেস কর্মীদের আইনি সাহায্য দিতে দল বিশেষ কমিটি তৈরি করেছে। গতকাল কালীঘাটে দলের আইনজীবী নেতাদের সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করেন দলনেত্রী মমতা ব্যানার্জি। উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী মলয় ঘটক, চন্দ্রিমা ভট্টাচার্য, প্রাক্তন স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়, বিধায়ক অশোক দেব, বৈশ্বানর চট্টোপাধ্যায় প্রমুখ। বৈঠকে মমতা ব্যানার্জী বলেন, বহু জায়গায় নেতাকর্মীরা আক্রান্ত হয়েছেন। দল তাদের আইনি সহায়তা দেবে।

------------------------

শিয়ালদার পর হাওড়া স্টেশন চত্বরকেও অবৈধ দখল মুক্ত করতে অভিযান চালানো হয়েছে। হাওড়া স্টেশনের বাইরের ফুটপাতে প্রায় ১৫০টি অবৈধ দোকানকে সরিয়ে দিয়েছে প্রশাসন। তাদের আগেই নোটিশ দেওয়া হয়েছিল বলে জানা গেছে।

উল্লেখ্য, দীর্ঘদিন ধরেই হাওড়া স্টেশনে বেআইনি দখল নিয়ে ক্ষোভ ছিল নিত্যযাত্রীদের মধ্যে।

-----------------------

হাওড়ার আমতার কাশমলী গ্রামে আজ তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত প্রধান অঞ্জলি দোলুইয়ের বাড়িতে ভাঙচুর করেন গ্রামবাসীরা| তাদের অভিযোগ ১০০ দিনের কাজের জন্য এবং আবাস যোজনায় বাড়ি পাইয়ে দেবার নাম করে সেই টাকা আত্মস্মাৎ করেন পঞ্চায়েতের প্রধান ও সদস্যরা|

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে জয়পুর থানার পুলিশ পৌঁছেছে| পুলিশ পুরো বিষয়টির তদন্ত করছে ।

-----------------------

পূর্ব বর্ধমানের কাটোয়ার মূলটি গ্রামে দুষ্কৃতিদের হামলায় এক কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে। বছর ২১-এর শাহিদ মিদ্দা স্নাতকস্তরের প্রথম বর্ষের ছাত্র ছিলেন। গত রাতে বাড়ির কাছে পুকুরপাড়ে দুই বন্ধুর সঙ্গে বসে থাকার সময় দুই দুষ্কৃতি ধারালো অস্ত্র দিয়ে তাঁকে আক্রমণ করে বলে অভিযোগ। ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। পুলিশ দেহ ময়নাতদন্তে পাঠিয়েছে। তাঁর দুই বন্ধুকে আটক করেছে পুলিশ।

-----------------------

পশ্চিম বর্ধমানের আসানসোলে গতকাল বিকেলে মাঠে ফুটবল খেলতে গিয়ে বজ্রপাতে এক স্কুল ছাত্রের মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। গুরুতর আহত আরও একজন । জানা গেছে, গতকাল বিকেলে বার্নপুরের রিভার সাইট স্কুল সংলগ্ন মাঠে ছাত্ররা ফুটবল খেলছিল। সে সময় বাজ পড়ে। হাসপাতালে নিয়ে যাওয়া হলে শেখ ফিরোজের মৃত্যু হয়। বিবেক ঘোষ নামে আহত ছাত্রটির এখনও চিকিৎসা

চলেছে। গতকাল হাসপাতালে যান রাজ্যের মন্ত্রী তথা আসানসোল দক্ষিণের বিধায়ক অগ্নিমিত্রা পাল।

-----------------------

কলকাতা মেট্রোর ব্লু লাইনে শহীদ ক্ষুদিরাম স্টেশন থেকে রেক ঘোরানোর ব্যবস্থা চালু করার কাজের জন্য আজ বেশকিছুটা অংশে ট্রাফিক ব্লক থাকছে। এই সময় শহীদ ক্ষুদিরাম থেকে মহানায়ক উত্তমকুমার স্টেশনের মধ্যে কোন ট্রেন চলাচল করবে না। তবে, দক্ষিণেশ্বর থেকে টালিগঞ্জ বা মহানায়ক উত্তমকুমার স্টেশন পর্যন্ত মেট্রো পরিষেবা স্বাভাবিক থাকবে।

-----------------------

বঙ্গোপসাগর থেকে আসা জলীয়বাষ্পের আধিক্যের কারণে দক্ষিণবঙ্গের প্রায় সব জায়গায় গরমের অস্বস্তিকর আবহাওয়া তৈরি হয়েছে। সন্ধ্যার পর কলকাতা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টির সম্ভাবনা। সঙ্গে থাকবে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার গতি বেগে দমকা হাওয়া।

পশ্চিমের জেলাগুলিতেও বিশেষ করে বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, বীরভূম ও পশ্চিম বর্ধমানেও হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে।

অন্যদিকে, উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি ও কোচবিহারে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে।

-----------------------

মোহনবাগান সুপার জায়ান্ট ও ইস্টবেঙ্গল আজ আইএসএল ফুটবলের গুরুত্বপুর্ণ ম্যাচে মুখোমুখি হবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

----------------------- -----------------------